

## প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর কর্তৃক ঢাকা মহানগর এর তেজগাঁও ও পূর্ব উলন এলাকার ০৩(তিন)  
টি কারখানার বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণ এবং ০৪(চার) টি কারখানাকে ৪ লক্ষ টাকা  
ক্ষতিপূরণ ধার্য

পরিবেশ দূষণবিরোধী অভিযান ও পরিবেশ সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে আজ ২৪/০৭/২০১৯ তারিখ পরিবেশ অধিদপ্তরের পরিচালক, মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট মহোদয় ঢাকা মহানগর এর তেজগাঁও এলাকার ০৪(চার) টি কারখানাকে ৪ লক্ষ টাকা ক্ষতিপূরণ ধার্য করেন।

আজ ২৪/০৭/২০১৯ খ্রিঃ সরেজমিন পরিদর্শনকালে কারখানা কর্তৃপক্ষের উপযুক্ত প্রতিনিধির শুনানীক্রমে ঢাকা মহানগর এর তেজগাঁও এলাকার ১। “মেসার্স কালার এক্সপ্রেস”-কে চ=১,০০,০০০/- (এক লক্ষ), ২। “টোটাল ক্রাফটস্ লিঃ”-কে চ=১,০০,০০০/- (এক লক্ষ), ৩। “জম জম থ্রেড”-কে চ=১,০০,০০০/- (এক লক্ষ) ও ৪। “সান কর্পোরেশন”-কে চ=১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ক্ষতিপূরণ ধার্য করা হয়। পাশাপাশি কারখানাগুলোকে আগামী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করে কারখানা পরিচালনার নির্দেশ প্রদান করা হয়। এছাড়া, ‘ঢাকা পাওয়ার ডিসট্রিবিউশন কোম্পানী লিমিটেড’ এর সহায়তায় তেজগাঁও এলাকার “নিউ বেঙ্গল ওয়াশিং প্লান্ট”, রামপুরার পূর্ব উলন এলাকার ১। “নীলা বরফ কল” ও ২। “আলাউদ্দীন ফার্ণিচার” নামক কারখানাগুলোর বিদ্যুৎ সংযোগ বন্ধ করে দেওয়া হয়।

তারিখঃ ২৪/০৭/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(সালমান চৌধুরী শাওন)

সহকারী পরিচালক

মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর ঢাকা।

মোবাইল নম্বরঃ ০১৭১২১৭৮৮৮২।